



*Beats of My Heart*

পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানি তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির ৬১<sup>তম</sup> পরিচালক পর্ষদের সভা ৭ নভেম্বর, ২০২১ অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় তাওফিকা ইঞ্জিনিয়ারিং এর মনোনীত পরিচালক জনাব কাওছার আহমেদ তার পদ থেকে ইস্তফা দেন এবং সৃষ্ট শূন্যস্থানে ব্যবস্থাপনা পরিচালক দাঁতো মো: একরামুল হকের কনিষ্ঠ কন্যা মুহসীনীনা সারিকা একরামকে পরিচালক হিসেবে নিয়োগের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়াও তাওফিকা ফুডস এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির পরিচালক পর্ষদ বর্তমান বাজার ও চাহিদার কথা বিবেচনায় নিয়ে উৎপাদন বৃদ্ধির জন্য আইপিও থেকে প্রাপ্ত অর্থ মূলধনী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে প্রসপেক্টাসে উল্লেখিত প্রস্তাব সংশোধনের সিদ্ধান্ত গ্রহণ করে। দশম বার্ষিক সাধারণ সভায় বিনিয়োগকারীদের সম্মতিতে উক্ত সংশোধন প্রস্তাবটি অনুমোদন করা হবে।